



তাঁর প্রত্যেক সিদ্ধান্তের ব্যাপারে তিনিই আল্লাহর দরবারে জবাবদিহিতা তারই, এতে কোন উম্মতের অনধিকারচর্চার সুযোগ নেই।

☆ হযরত মাওলা আলী কাররামাল্লাহু ওয়াজহাল্হু য়েই মান মর্যাদা , তাঁর মোকাবিলায় হযরত মুয়াবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু'র তুলনা অশোভন। প্রেম ও ভক্তির কেন্দ্রবিন্দুতে হযরত মাওলা আলী কাররামাল্লাহু ওয়াজহাল্হু'ই অবস্থান। তবে হযরত আমীরে মুয়াবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু'র প্রতি সম্মানপ্রদর্শনও অপরিহার্য।

তাঁর প্রতি অসম্মান করা মারাত্মক ক্ষতি ও ঈমানের ঘাটতির উপকরণ।

☆ রাসূলে কারীম ﷺ এর সাহাবায়ে কেলাম নিখুঁত ও পূর্ণাঙ্গ মুমিন এবং সকলেই সম্মানিত।

রাসূল ﷺ এর পর সাহাবায়ে কেলামের মধ্যে সার্বিক শ্রেষ্ঠত্ব রয়েছে হযরত সৈয়দুনা আবু বকর সিদ্দিক রাদ্বিয়াল্লাহু আনহু'র। নবী ও রাসূলগণের পর তিনিই সর্বোত্তম মানব।

হযরত সৈয়দুনা আবু বকর সিদ্দিক রাদ্বিয়াল্লাহু আনহু'র প্রতি মাওলা আলী রাদ্বিয়াল্লাহু আনহু'র যে ভক্তি বিশ্বাস ছিলো সেটাই পোষন করা উচিত।

কোনো মুমিনের কাছে রাসূলের সাহাবীগণ রাদ্বিয়াল্লাহু আনহু'ম আজমাঈন এর মধ্যে হযরত আলী রাদ্বিয়াল্লাহু আনহু'র অধিক প্রিয় হলে সেটি কোনো দ্রাস্ত বিষয় নয়। কিন্তু মাওলা আলী রাদ্বিয়াল্লাহু আনহু'র ব্যাপারে এমন কোন উক্তি করা যা বাস্তবে সীমালঙ্ঘন হয় সেটা স্বয়ং মাওলা আলীর নিকটও পছন্দনীয় হবে না এবং তাঁকে আলীপ্রীতি হিসেবেও স্বীকৃতি দেয়া যায় না।

☆ আমার প্রিয় নবী ﷺ যিনি জগৎকুল সৃষ্টির ওয়াসীলা এবং যিনি সৃষ্টিগতভাবে সমস্ত নবীদের প্রথম।

তিনি কখন থেকে নবী?

যখন, কখন, তখন এর শব্দ বা মুখপ কিছু বলবে এমন কোনো সৃষ্টিই ছিল না। তখন থেকেই তিনি নবী এবং সর্বশেষ নবী। সমস্ত নবীগণ আলাইহি মুস সালামের মধ্যে সর্বোত্তম ও সর্বশ্রেষ্ঠ।

যারা রাসূলে করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া আলিহি ওয়াসাল্লাম সম্বন্ধে নবুয়্যত প্রকাশের পূর্বে নবী হওয়া অথবা সুপ্ত এবং সক্রিয় নবী হিসেবে থাকার আলোচনায় সময় নষ্টকারীদের প্রতি বিনীত আবেদন- তারা যেন উম্মতের প্রতি সদয় হয় এবং নিজের জ্ঞানগত যোগ্যতা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া আলিহি ওয়াসাল্লামার প্রতি মানুষের পরিপূর্ণ ও যথাযথ ভক্তিশ্রদ্ধা এবং ভালোবাসা সৃষ্টিতে ব্যয় করে।

এই অধম ফক্বীর নিজের প্রত্যেক অপরিপক্কতার জন্য দয়াময় আল্লাহর কাছে ক্ষমাপ্রার্থী। যদি আমার কখনো কোথাও কোনো ধরনের যেকোনো অসাবধানতা বা ভুলত্রুটি হয়ে থাকে তদুজ্জন্য মহান আল্লাহর দরবারে তাওবা করছি।

কাওকাব নূরানী উকাড়ভী (গুফিরা লাহু)